

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৩৪

বিশ্বামগঞ্জ, ৮ জুলাই, ২০২৪

**২৪ জুলাই সিপাহীজলা জেলাভিত্তিক গুরুপূর্ণিমা উৎসব**

আগামী ২৪ জুলাই বিশ্বামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলাক্ষেত্রে সিপাহীজলা জেলাভিত্তিক গুরুপূর্ণিমা উৎসব অনুষ্ঠিত হবে। গুরুপূর্ণিমা উৎসব সফল করে তোলার লক্ষ্যে সম্প্রতি সিপাহীজলা জিলা পরিষদের কার্যালয়ে জেলাভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য-সদস্যাদের উপস্থিতিতে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। জেলাভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান তথা সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দন্তের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের উপঅধিকর্তা পাঞ্চালী দেববর্মা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে সিদ্ধান্ত হয় গুরুপূর্ণিমা উৎসবে সমাজের বিকাশে বিশেষ অবদান রয়েছে এরকম প্রায় ২০ জন গুরুকে বিশেষ সম্মাননা প্রদান করা হবে।

\*\*\*\*\*